গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প।

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন কম্পোনেন্টের কাজের অগ্রগতির বিষয়ে প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা,পরামর্শকগণ ও নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানের প্রতিনিধির সাথে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ সাইফুল হাসান<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| তারিখ | : | ১৭-০৬-২০২৬ |
| সময় | : | বেলা ২:৩০ টা |
| স্থান | : | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সম্মেলন কক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও।<br>ও<br>জুম অনলাইন প্লাটফরম |
| উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

১। সভাপতি উপস্থিত ও জুম অনলাইন প্লাটফরমে যুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক প্রকল্পের সার্বিক বিষয়ে একটি সার-সংক্ষেপ সভায় উপস্থাপন করেন। প্রকল্প পরিচালক সভাকে আরও অবহিত করেন যে, প্রকল্পের আওতায় ৩৬টি প্যাকেজের জন্য নির্বাচিত ৩৬টি আইএসপি প্রতিষ্ঠানের মাধ্যমে মে ২০২৪ থেকে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে মোট ১,০৯,২৪৪টি ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদানের কার্যক্রম চলমান রয়েছে এবং মে ২০২৬ পর্যন্ত মোট ৫৭,০০০টি সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান করা হয়েছে যা শতকরা হারে ৫২.৪৫%। এছাড়া দেশের ৪০০টি উপজেলা কমপ্লেক্স ভবনে "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" নির্মাণ কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে ১০০টির নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং ১৩৫টি কেন্দ্রের জন্য ফার্ণিচার ক্রয় করা হয়েছে। কিন্তু প্রকল্পের বিদ্যমান ১ম সংশোধিত ডিপিপি-এর প্রস্তাবিত ২য় সংশোধনের অনুমোদনের কার্যক্রম চলমান থাকায় উপজেলা প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে তরুণ শিক্ষিতদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ইকুইপমেন্ট ক্রয় করা সম্ভব হচ্ছে না। প্রকল্প পরিচালক সভায় আরও উল্লেখ করেন যে, ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের সকল কার্যক্রম; বর্তমান গণতান্ত্রিক সরকারের নির্বাচনী ইশতিহারের সাথে শতভাগ সামঞ্জস্যপূর্ণ। এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে সরকার ঘোষিত সবার জন্য দ্রুত ও নির্ভরযোগ্য ইন্টারনেট সুবিধা প্রদান, বৈশ্বিক ইন্টারনেট সংযোগ ও অবকাঠামো নির্মাণ, ডিজিটাল দক্ষতা উন্নয়ন, ক্যারিয়ার পোর্টাল ও জব ম্যাচিং সেবা প্রদান, ফ্রিল্যান্সিং ও আউটসোর্সিং প্রশিক্ষণ প্রদান, উদ্ভাবন, ষ্টার্ট-আপ ও উদ্যোক্তাদের সহায়তা প্রদান, তথ্যপ্রযুক্তিতে নতুন শিল্প সৃষ্টিতে সহায়তা প্রদান করা। এই প্রকল্পটি সুষ্ঠুভাবে এবং দ্রুততম সময়ে বাস্তবায়ন করা হলে ইহার সুফল সরাসরি জিডিপি-তে অবদান রাখতে পারবে। তাই প্রকল্পের ডিপিপি-এর প্রস্তাবিত ২য় সংশোধনের অনুমোদনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা প্রয়োজন।

২। ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় ১,০৯,২৪৪টি ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি-এর মধ্যে এ পর্যন্ত প্রায় ৫৭,০০০টি সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান করা হয়েছে যা শতকরা হারে ৪৭.৭০%। ডিপিপি-এর নির্দেশনা মোতাবেক প্রতিটি কানেক্টিভিটি প্রদানের ক্ষেত্রে প্রকল্প থেকে ওয়াই-ফাই রাউটার ১টি, ৪ কোরের অপটিক্যাল ফাইবার ক্যাবল – পরিমাণ অনুসারে, প্যাচ কর্ড সর্বোচ্চ ৫টি, মিডিয়া কনভার্টার-১টি, ফাইবার অপটিক্স টারমিন্যাল বক্স সরবরাহ করা হচ্ছে। গ্রাহকের প্রয়োজন মোতাবেক ব্যান্ডউইথ ব্যবহার করবে এবং মাসিক ব্যান্ডউইথ এর মূল্য বিদ্যমান বাজার দর (বিটি আরসির গাইড লাইন অনুসারে) বা নেগোশিয়েশনের মাধ্যমে যা নিম্ন হয়, সেই টাকা গ্রাহক কর্তৃক আইএসপি প্রতিষ্ঠানকে প্রদান

CamScanner

করবে। বিগত ২৭ (সাতাশ) মাসে মোট ১,০৯,২৪৪টি ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটির কার্যক্রম সম্পন্ন না করার কারণ হিসেবে উল্লেখ করেন, ২০২৪ রাজনৈতিক অস্থিরতা, সরকার পরিবর্তন, বন্যা ইত্যাদি কারণে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদানের কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, কানেক্টিভি প্রদান পরবর্তী নেটওয়ার্ক অবকাঠামোটি সুষ্ঠু রক্ষণাবেক্ষণ এবং মাসিক ব্যান্ডউইথ এর মূল্য পরিশোধের লক্ষ্যে ইন্টারনেট সংযোগ গ্রহণকারী প্রতিষ্ঠানের সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সাথে সমঝোতা স্মারক সম্পাদনের নির্দেশনা থাকলেও শুধু মাত্র প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। অবশিষ্ট প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক সম্পন্নের কার্যক্রম চলমান রয়েছে। অবশিষ্ট প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক সম্পন্ন না হওয়ার কারণে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদানের কার্যক্রম ব্যাহত হচ্ছে বিধায় এই বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

৩। সভায় উপস্থিত আইএসপি প্রতিষ্ঠানের প্রতিনিধিগণও সরকারের গৃহীত কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতিশ্রুতি প্রদান করেন এবং দ্রুততম সময়ে অবশিষ্ট কানেক্টিভিটি প্রদানের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের বিষয়ে উপস্থিত আইএসপি প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ প্রতিশ্রুতি প্রদান করেন। তবে End User Connectivity প্রদানের কার্যক্রম শুরু থেকে মে ২০২৬ পর্যন্ত এ প্রকল্পটি বাস্তবায়নকালে যে সকল সমস্যার সম্মুখীন হতে হচ্ছে তার উল্লেখ করেন। উল্লেখিত বিষয়সমূহের মধ্যে প্রদানকৃত ৫৭০০০টি কানেক্টিভিটি-এর Monthly Recurring Cost (MRC) না পাওয়ার এবং সকল স্টেকহোল্ডারগণের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত না হওয়ায় গ্রাহক পর্যায়ে কানেক্টিভিটি গ্রহণে সহযোগিতা করছে না। ফলে অবশিষ্ট ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান করা সম্ভব হচ্ছে না। যদি সকল স্টেকহোল্ডারগণের সাথে সমঝোতা স্মারক ও গ্রাহক কর্তৃক MRC প্রদানের নিশ্চয়তা পাওয়া যায়, তবে পরবর্তী সময়ের মধ্যে অবশিষ্ট কার্যক্রম সম্পন্ন করার প্রতিশ্রুতি প্রদান করেন। সেই জন্য বিদ্যমান চুক্তির মেয়াদ নভেম্বর ২০২৬ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব সভায় উপস্থাপন করেন।

৪। সভার সভাপতি ও মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) বলেন যে, বর্তমান সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি অনুসারে ১০ লক্ষ নতুন কর্মসংস্থান কর্মসূচী বাস্তবায়নের জন্য তরুণ প্রজন্মের জন্য উদ্ভাবন, স্টার্ট-আপ ও উদ্যোক্তা সহায়তা, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে এবং সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে ফ্রিল্যান্সিং, ক্রিয়েটিভ ইন্ডাস্ট্রি ও কনটেন্ট ক্রিয়েশন এবং আউটসোর্সিং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ অত্যন্ত জরুরি। এই সকল বিষয়ে প্রশিক্ষণ প্রদানের সকল সুযোগ-সুবিধা ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের প্রতি কমপোনেন্ট -এ রয়েছে। সেই উদ্দেশ্যে এই প্রকল্পটির প্রতিটি কম্পোনেন্ট-এর গুনগত মান বজায় রেখে দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন। অবশিষ্ট End User Connectivity প্রদানের জন্য আইএসপি প্রতিষ্ঠান কর্তৃক আগামী ৩ (তিন) মাসের একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ণ করে প্রকল্প দপ্তরে দাখিল করতে হবে। প্রদানকৃত End User Connectivity এর মাধ্যমে প্রদানকৃত সেবার গুণগত মান নিশ্চিতকরণের নিমিত্ত সহকারী প্রোগ্রামার/প্রোগ্রামারগণকে অন্তর্ভুক্ত করে ৩ (তিন) সদস্যের একটি মনিটরিং টীম বা হেল্পডেস্ক গঠন করা যেতে পারে। এ ছাড়া, মাঠ পর্যায়ের কার্যক্রমের বিষয়ে সহকারী প্রোগ্রামারগণ/প্রোগ্রামারগণ যেন তাঁদের মতামত প্রকল্পের নিকট প্রদান করতে পারেন, সেই জন্য একটি অন-লাইন ভিত্তিক প্লাটফরম তৈরী করা যেতে পারে।

৫। যে সকল আইএসপি প্রতিষ্ঠানের End User Connectivity প্রদানের পারফরম্যান্স উল্লেখযোগ্য কম এবং এই প্রকল্পের আওতায় সে সকল আইএসপি প্রতিষ্ঠানের পারফরম্যান্স ভাল, সে ক্ষেত্রে ভাল পারফরম্যান্স সম্পন্ন আইএসপি প্রতিষ্ঠানের কাছ থেকে কারিগরি সহায়তা নিয়ে অবশিষ্ট কানেক্টিভিটির কার্যক্রম সম্পন্ন করা যেতে পারে। প্রতিটি আইএসপি প্রতিষ্ঠান থেকে আগামী তিন মাসের একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা পাওয়ার পর; উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে গ্রাহক পর্যায়ে অবশিষ্ট End User Connectivity প্রদানের সময়সীমা বর্ধিত করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। এ ছাড়া যে সকল স্টেকহোল্ডারদের বা অধিদপ্তর/বিভাগ/মন্ত্রণালয়ের সাথে এখনো সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়নি, সেই সকল অধিদপ্তর/বিভাগ/মন্ত্রণালয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব মহোদয় কর্তৃক "ডিও লেটার" প্রেরণ করা যেতে পারে।

CamScanner

৬। উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের নির্মাণের বিষয়ে এলজিইডি কর্তৃক আগামী ডিসেম্বর ২০২৬ এবং জুন ২০২৮ পর্যন্ত একটি সুনির্দিষ্ট কর্ম পরিকল্পনা দাখিল করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।

৭। ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের বিদ্যমান ৭ কম্পোনেন্টের মধ্যে মাত্র ২টি কম্পোনেন্টের কার্যক্রম চলমান রয়েছে বিধায় প্রকল্পে নিয়োজিত সকল পরামর্শকদেরকে চলমান ২টি কম্পোনেন্ট এর কার্যক্রম তদারকির দায়িত্ব বিভাগ বা জেলা ভিত্তিক প্রদান করা যেতে পারে। দায়িত্ব প্রাপ্ত পরামর্শকগণ নিজ নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে যে সকল জেলায় সংযোগ প্রদান করা হয়েছে এবং যে সকল উপজেলায় সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের নির্মাণ কাজ চলমান রয়েছে, সেই জেলার দায়িত্ব প্রদান করা হবে। দায়িত্ব প্রাপ্ত পরামর্শকগণ সেই সকল কার্যক্রম মনিটরিং করবে এবং প্রতি সপ্তাহের গৃহীত/সম্পাদিত কার্যক্রমের উপর প্রতিবেদন ও সুপারিশ প্রকল্প পরিচালকের নিকট পেশ করবেন। ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন কর্মসমূহ দ্বারা জনসাধারণ কোন কোন ক্ষেত্রে উপকৃত হবে হচ্ছে বা বর্তমান সমাজ ব্যবস্থায় কি অবদান রাখছে, সেই বিষয়ে প্রামাণ্য চিত্র প্রস্তুত করে জনসাধারণের জ্ঞাতার্থে বিভিন্ন মিডিয়াতে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

৮। **সভায় উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়;**

ক) আইএসপি প্রতিষ্ঠান কর্তৃক অবশিষ্ট কানেক্টিভিটি প্রদানের নিমিত্ত পরবর্তী ৩ মাসের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা আগামী ২৩-০৬- ২০২৬ খ্রি. এর মধ্যে প্রকল্প দপ্তরে দাখিল করতে হবে।

খ) ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের প্রয়োজন এবং আইএসপি প্রতিষ্ঠানের পারফরমেন্স পর্যালোচনায় এবং আইএসপি প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত কর্মপরিকল্পনার ভিত্তিতে End User Connectivity প্রদানের সময় বর্ধিত করা হবে।

গ) প্রকল্পের আওতায় End User Connectivity প্রদান এবং পরবর্তীতে নেটওয়ার্ক অবকাঠামো সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ ও নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদানের লক্ষ্যে সমঝোতা স্মারক সম্পাদনের জন্য সংশ্লিষ্ট অধিদপ্তর/বিভাগ/মন্ত্রণালয়ে সচিব মহোদয়কে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব মহোদয় কর্তৃক "ডিও লেটার" প্রেরণ করার বিষয়ে প্রকল্প দপ্তর কর্তৃক উদ্যোগ গ্রহণ করতে হবে।

ঘ) End User Connectivity প্রদান এবং পরবর্তীতে নেটওয়ার্ক অবকাঠামো সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ ও নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা তদারকির জন্য সহকারী প্রোগ্রামার/ প্রোগ্রামারগণকে অন্তর্ভুক্ত করে একটি কমিটি গঠনের মাধ্যমে প্রকল্পের আওতায় প্রদানকৃত End User Connectivity এর সেবার গুণগত মান নিশ্চিতকরনের জন্য হেল্প ডেস্ক-এর মাধ্যমে কার্যক্রম পরিচালনা করবে।

ঙ) কুমিল্লা ও চাঁদপুর জেলায় End User Connectivity প্রদানের জন্য আইএসপি প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

চ) প্রকল্পের পরামর্শকগণের প্রতি মাসের Time Sheet সংরক্ষণ করতে হবে। Time Sheet সম্মানীর ক্ষেত্রে আবশ্যিক হবে।

ছ) প্রকল্প পরিচালক চুক্তি অনুসারে সকল পরামর্শকের দায়িত্ব পুন:বন্টন করবেন। পাশাপাশি নিজ নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রদানকৃত জেলার End User Connectivity এবং উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ কাজ তদারকির দায়িত্ব পালন করবে।

জ) এলজিইডি কর্তৃক চলমান "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" নির্মাণ কার্যক্রমের বিষয়ে আগামী ডিসেম্বর ২০২৬ এবং জানুয়ারী ২০২৭ থেকে জুন ২০২৮ পর্যন্ত কর্ম পরিকল্পনা গ্যান্ট চার্টের মাধ্যমে প্রকল্প দপ্তরে আগামী ৩০-০৬-২০২৬ এর মধ্যে প্রদান করবে।

ঝ) গঠিত কমিটি কর্তৃক আগামী ৩০-০৬-২০২৬ তারিখের মধ্যে "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" পরিচালনার জন্য Standard Operating Procedure (SOP) উপস্থাপন করতে হবে।

CamScanner

ঞ) প্রতিটি “উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র” -এর Exit Plan -এ প্রশিক্ষণ কেন্দ্র সমূহের চাহিদা ও যোগানের ম্যাপিং উপস্থাপন করতে হবে।

ট) প্রকল্পের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত প্রতি মাসে সমন্বয় সভা আহবান করতে হবে।

৯। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায়; উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/৬/২০২৬

(মোহাম্মদ সাইফুল হাসান)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

স্মারক নং ৫৬.০৪.০০০০.১০৬.৯৯.০০১.২৪/২৪৮৪ তারিখ ১৮-০৬-২০২৬

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১। অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।
২। সিস্টেম ম্যানেজের, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।
৪। প্রোগ্রামার (সকল), জেলা আইসিটি কার্যালয়।
৫। সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা আইসিটি কার্যালয়।
৬। পরামর্শক (সকল), ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প, প্রকল্প দপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭। ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় ৩৬টি প্যাকেজের জন্য নিয়োজিত সকল আইএসপি প্রতিষ্ঠান।

18.06.2026
(তানজিনা ইসলাম)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প।
e-mail: tangina15167@gmail.com

CS CamScanner